গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
(রাজস্ব শাখা)
www.feni.gov.bd

স্মারক নম্বর-৩১.২০.৩০০০.০২১.২২.০১৮.২৬- ৮০৯,

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩
০২ জুলাই ২০২৬

## ভূমিসেবা সহায়তা কেন্দ্র (Land Services Facilitating Centre) স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, ডিকেএমপি অনুবিভাগ, ঢাকা এর ০৭ এপ্রিল ২০২৬ তারিখের ১৭৭ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী এতদ্বারা নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা নিশ্চিতে সহায়তা প্রদানে অনুমতিপত্র পাওয়ার জন্য আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীগণকে www.feni.gov.bd-এর নোটিশ বোর্ড হতে আবেদনপত্র ডাউনলোড পূর্বক কম্পিউটারে কম্পোজ করে আবেদনের সাথে নিম্নোক্ত সকল কাগজপত্রের সফট কপি আপলোড করতে হবে। আবেদনপত্র আগামী ০৫/০৭/২০২৬ তারিখ হতে (rdcfeni@gmail.com) ই-মেইলে দাখিল করা যাবে। উল্লেখ্য, কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ের জন্য অনুরোধ করা হলে আবেদনের সাথে সংশ্লিষ্ট সকল মূল কাগজপত্র প্রদর্শন করতে হবে।

পৌরসভা/ইউনিয়ন ভিত্তিক ভূমিসেবা সহায়তা কেন্দ্রের তালিকা

| উপজেলার নাম | ইউনিয়ন/পৌরসভার নাম | মোট কেন্দ্র | কেন্দ্রের সংখ্যা/মন্তব্য |
|---|---|---|---|
| ফেনী সদর | শর্শদি, ধর্মপুর, কাজিরবাগ, কালিদহ, বালিগাঁও, ধলিয়া, ফাজিলপুর, ফরহাদনগর ও মোটবী | ০৯টি | বর্তমানে শূন্য রয়েছে |
| সোনাগাজী | সোনাগাজী ইউনিয়ন, বগাদানা, মঙ্গলকান্দি, মতিগঞ্জ, চর চান্দিয়া, চর দরবেশ, আমিরাবাদ ও নবাবপুর | ০৮টি | বর্তমানে শূন্য রয়েছে |
| দাগনভূঞা | দাগনভূঞা পৌরসভা, দাগনভূঞা ইউনিয়ন, রাজাপুর, পূর্ব চন্দ্রপুর, রামনগর, মাতুভূঞা ও জায়লস্কর | ০৭টি | বর্তমানে শূন্য রয়েছে |
| ছাগলনাইয়া | ছাগলনাইয়া পৌরসভা, রাধানগর, শুভপুর, ঘোপাল, মহামায়া ও পাঠাননগর | ০৬টি | বর্তমানে শূন্য রয়েছে |
| ফুলগাজী | মুন্সীরহাট, আমজাদহাট, আনন্দপুর, জি.এম. হাট ও দরবারপুর | ০৫টি | বর্তমানে শূন্য রয়েছে |
| পরশুরাম | পরশুরাম পৌরসভা, মির্জানগর, চিথলিয়া ও বক্সমাহমুদ | ০৪টি | বর্তমানে শূন্য রয়েছে |
| মোট = | | ৩৯টি | |

**আবেদনকারীর যোগ্যতা:**

ভূমি সেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫-এর ৬ এবং ৭ নং নির্দেশনা মোতাবেক অনুমতিপত্র প্রাপ্তির জন্য আবেদনকারীর যোগ্যতা:

১. নূন্যতম কম্পিউটার/মোবাইল অ্যাপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবাদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;

২. জেলার মোট সহায়তাকারীদের নূন্যতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে অনুচ্ছেদ ১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;

৩. এই নির্দেশিকার অধীনে নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপনের ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;

৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে নূন্যতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা থাকতে হবে;

৫. কম্পিউটার/মোবাইল অ্যাপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার পাবে;

৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে এজাহারভুক্ত বা দণ্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;

৮. উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও নূন্যতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;

১০. সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডির আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;

১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীনে নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা সক্ষমতা থাকতে হবে;

১২. আবেদনকারীকে আবেদনের সাথে আবেদনে বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

ক) ট্রেড লাইসেন্স

খ) টিআইএন ও ভ্যাট রেজিস্ট্রেশনের সনদ (যদি থাকে)

গ) আবেদনকারীর ২ (দুই) কপি ছবি

ঘ) এনআইডি'র কপি

ঙ) স্থাপনার মালিকানার দলিল বা চুক্তিনামা।

১৩. আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৪. অনুমতিপত্র প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে নির্বাচিত সহায়তাকারী জেলা প্রশাসকের সাথে নির্ধারিত ফরমে একটি চুক্তিপত্র স্বাক্ষর করবেন। চুক্তি স্বাক্ষরের পূর্বে নির্বাচিত সহায়তাকারী কর্তৃক ইউনিয়ন ও উপজেলা সদরের জন্য ৫০ (পঞ্চাশ) হাজার টাকা এবং পৌর এলাকার জন্য ১(এক) লক্ষ টাকা ফেরতযোগ্য জামানত প্রদান করতে হবে।

১৫. উপজেলা ভূমি অফিস বা ইউনিয়ন ভূমি অফিস চত্বরে/নিকটবর্তী জায়গায় এলএসএফসি কেন্দ্র স্থাপন করা যাবে না।

**১৬. নির্ধারিত ২০/০৭/২০২৬ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।**

(এ.কে.এম ফয়সাল) ২/৭/২৬
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
ফেনী
ফোন : ০২৩৩৮৪৭৫০০৬

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, 'ভূমি ভবন', ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা- ১২০৮

০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

০৪। উপসচিব, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৫। উপজেলা নির্বাহী অফিসার, ফেনী সদর/সোনাগাজী/দাগনভূঞা/ছাগলনাইয়া/ফুলগাজী/পরশুরাম, ফেনী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল)

০৬। সহকারী কমিশনার (ভূমি), ফেনী সদর/সোনাগাজী/দাগনভূঞা/ছাগলনাইয়া/ফুলগাজী/পরশুরাম, ফেনী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল)

০৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী (বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

০৮। উপ-প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের গোপনীয় শাখা, ফেনী ( জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৯। উপ-প্রশাসনিক কর্মকর্তা, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)-এর গোপনীয় শাখা, ফেনী (অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মহোদয়ের সদয় অবগতির জন্য)

১০। অফিস কপি/মাস্টার ফাইল